# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 JULY 2025 7:45—7:55 PM IST**

==================================================

১) শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগুর উত্তর-পূর্বাঞ্চলের স্থানীয় ক্ষুদ্র ভাষিক গোষ্ঠীসমূহের ভাষার সুরক্ষা তথা প্রসারের ক্ষেত্রে ডিজিট্যাল প্রয়োগের ওপর গুরুত্ব আরোপ ।

২) কোভিড - ১৯ অতিমারীর সময় ষ্টপেজ প্রত্যাহার করা সবগুলি যাত্রীবাহী ট্রেনের পূর্বের অবস্থা বহাল করতে সাংসদ গৌরব গগৈ-র রেল বোর্ডের প্রতি আহ্বান ।

৩) ডিমা হাসাও জেলার মুপা ষ্টেশনের কাছে রেল লাইনে আজ পুনরায় ভূমিধ্বস।

এবং

৪) আসাম সরকারের প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের নিম্ন প্রথমিক এবং উচ্চ প্রাথমিকের ৫ হাজার ৫শো ৫০টি নিয়মিত শিক্ষক পদের জন্য নথি পরীক্ষার তৃতীয় তালিকা প্রকাশ ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু উত্তর-পূর্বাঞ্চলের স্থানীয় ক্ষুদ্র ভাষিক গোষ্ঠীসমূহের ভাষার সুরক্ষা তথা প্রসারের ক্ষেত্রে ডিজিট্যাল প্রয়োগের ওপর গুরুত্ব আরোপ করেছেন । উত্তর-পূর্বাঞ্চলের স্থানীয় ভাষাসমূহকে ডিজিট্যাল মাধ্যমে পাওয়ার ক্ষেত্রে অগ্রণী পদক্ষেপ হিসেবে গৌহাটি বিশ্ববিদ্যালয়ের তথ্য প্রযুক্তি বিভাগের উদ্যোগে আজ থেকে তিনদিনব্যাপী Part of Speech Tagging For North-East Indian Languages শীর্ষক একটি জাতীয় কর্মশালার উদ্বোধন করে শিক্ষামন্ত্রী এই গুরুত্ব আরোপ করেন । ভাষা শুধুমাত্র যোগাযোগের মাধ্যমই নয় এটি হচ্ছে এক একটি ভাষিক

গোষ্ঠীর সাংস্কৃতিক ঐতিহ্যের অন্যতম বাহক । তিনি ভাষা ভিত্তিক গবেষনার ক্ষেত্রে এই কর্মশালা ইতিবাচক প্রভাব বিস্তার করবে বলে আশা প্রকাশ করেন ।
শিক্ষামন্ত্রী বলেন--
বাইট-

---------------------------------------------------------------------------------------

সাংসদ গৌরব গগৈ কোভিড মহামারীর সময়ে উত্তর-পূর্ব সীমান্ত রেলের সব যাত্রীবাহী ট্রেনের পূর্বের অবস্থা বহাল করতে রেলবোর্ডকে আহ্বান জানিয়েছে । রেল বোর্ডের অধ্যক্ষ সতীশ কুমারকে লেখা এক পত্রে সাংসদ ডিব্রুগড় টাউন রেল স্টেশনকে অমৃত ভারত রেলস্টেশন প্রকল্পের অর্ন্তভুক্ত করে এটিকে পুনরায় বিকশিত করতে রেলবোর্ডকে অনুরোধ জানিয়েছেন । এছাড়া গৌহাটী এবং শিলচরের মধ্যে বন্দে ভারত এক্সপ্রেস চালু করা সহ অন্যান্য বেশ কয়েকটি দাবী শীঘ্র কার্যকর করার জন্য রেল বোর্ডের অধ্যক্ষকে অনুরোধ জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্বাঞ্চলে বাধ্যতামূলকভাবে প্রদান করা কেন্দ্রীয় করের ১০ শতাংশ অর্থ হস্তান্তরের ক্ষেত্রে আসামকে পৃথক দৃষ্টিকোণে বিবেচনা করতে মূখ্যমন্ত্রী প্রস্তাব দিয়েছেন । ষষ্ঠদশ অর্থ কমিশনের অধ্যক্ষ অরবিন্দ পানাগারিয়ার সঙ্গে গতকাল নতুন দিল্লীতে সাক্ষাৎ করে মূখ্যমন্ত্রী আসাম সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের ভৌগলিক অবস্থান এবং এরফলে সম্মুখীন হওয়া প্রত্যাহ্বানসমূহের সঙ্গে লড়াই করতে রাজ্যগুলির অধিক অর্থের প্রয়োজন হয় বলে উল্লেখ করেন । তিনি জলবায়ু পরিবর্তনের প্রভাব ,পরিবর্তনশীল জনকাঠামো ইত্যাদি বিষয়ের ওপর গুরুত্ব আরোপ করে কর হস্তান্তরের ক্ষেত্রেও আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের জন্য ভিন্ন দৃষ্টিকোনের প্রয়োজনীয়তা সম্পর্কে অবগত করান । কেন্দ্রীয় কর হস্তান্তরের ক্ষেত্রে আসামের অন্যান্য বিষয়গুলি নিয়েও ষষ্ঠদশ অর্থ কমিশনের অধ্যক্ষ পানাগারিয়ার সঙ্গে মূখ্যমন্ত্রী আলোচনা করেন ।
এদিকে মূখ্যমন্ত্রী ড.শর্মা গতকাল নতুন দিল্লীতে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গাড়কারির সঙ্গে সাক্ষাৎ করে গৌহাটী থেকে শিলচর ও ডিব্রুগড়ে গ্রীণ এক্সপ্রেস করিডোর ,এক্সপ্রেস হাইওয়ে নির্মাণের নতুন প্রকল্প সম্পর্কেও আলোচনা করেন । মূখ্যমন্ত্রী এই প্রকল্পসমূহের কাজ সময়মতো সম্পূন্ত্র করার জন্য সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রণালয়ের সহযোগীতা কামনা করেন ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় রেল যাত্রীদের সংরক্ষণ তালিকা প্রকাশের নিয়মের ক্ষেত্রে আগামীকাল থেকে কয়েকটি পরিবর্তন করেছে । এই অনুসারে ভোর ৫টা থেকে দুপুর ২টোর মধ্যে যাত্রা

করা ট্রেনের ক্ষেত্রে সংরক্ষণের তালিকা আগেরদিন রাত ৯টায় প্রকাশ করা হবে । দুপুর ২টো থেকে ভোর ৫টা পর্যন্ত যাত্রা করা ট্রেনগুলির সংরক্ষণের তালিকা ট্রেনের যাত্রার ৮ ঘন্টা পূর্বে প্রকাশ করা হবে । তবে এই নিয়মাবলী সংরক্ষণের দ্বিতীয় তালিকা প্রকাশের ক্ষেত্রে প্রযোজ্য হবে না বলে সূত্রে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

বদরপুর-লামডিং অংশের ডিমা হাসাওয়ের মুপা স্টেশনের কাছে রেল লাইনে ভূমিধ্বসের ফলে আজ সকালে শিলচর থেকে গৌহাটী অভিমুখে নিয়মিত যাত্রা করা এক্সপ্রেস ট্রেনটি আটকা পড়েছে । পাহাড় থেকে পাথর ও মাটি নেমে এসে রেললাইনে পড়ার ঘটনায় অন্যান্য দূরপাল্লার ট্রেনগুলিও আটকে পড়ার সম্ভাবনা রয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

উল্লেখ্য জাটিঙ্গা -লামপুর স্টেশনের কাছে ভূমিধ্বসের ফলে একটানা ছয়দিন এই পথে রেল চলাচল বন্ধ ছিলো । গত সোমবার রেল চলাচল স্বাভাবিক হবার চারদিনের মধ্যে ভূমিধ্বস সংঘটিত হবার ফলে যাত্রীরা পুনরায় সমস্যার সম্মুখীন হচ্ছেন । ইতিমধ্যে একটি জে সি বি এবং দুটি এক্সেভেটর সেই অংশটি পরিস্কার করার চেষ্টা চালাচ্ছে । ভূমিধ্বসের পরিপ্রেক্ষিতে শিলচর-গৌহাটী এক্সপ্রেস ,কাঞ্চনজংঘা এক্সপ্রেস ,আগরতলা-লোকমান্য তিলক এক্সপ্রেস,দুর্লভছড়া-গৌহাটী এক্সপ্রেস এবং আগরতলা ফিরোজপুর এক্সপ্রেস ট্রেনগুলি বিভিন্ন স্টেশনে দাঁড়িয়ে থাকার সম্ভাবনা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম সরকারের প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় নিম্ন প্রথমিক এবং উচ্চ প্রাথমিকের ৫ হাজার ৫শো ৫০টি নিয়মিত শিক্ষক পদের জন্য নথি পরীক্ষার তৃতীয় তালিকাটি প্রকাশ করেছে । এই সম্পর্কে প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের জারি করা বিজ্ঞপ্তি অনুসারে তালিকায় নাম অর্ন্তভুক্ত হওয়া প্রার্থীদের আগামী ৫ জুলাই থেকে ১০ জুলাইর মধ্যে খানাপারার আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের আর্ন্তজাতিক অতিথিশালায় নথি পরীক্ষা করা হবে । প্রার্থীদের যাবতীয় নথিপত্র সহ নির্ধারিত তারিখে সেখানে উপস্থিত থাকতে বলা হয়েছে । উল্লেখ্য যে নিম্ন প্রাথমিক এবং উচ্চ প্রাথমিকের ৫ হাজার ৫শো ৫০টি নিয়মিত শিক্ষক পদের জন্য বর্তমানে দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষার কাজ অব্যাহত রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা কমিটির পক্ষ থেকে আজ দলীয় কার্য্যলয়ে নব নিযুক্ত রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থকে সংবর্ধনা জানানো হয় । জেলা বিজেপির সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে আয়োজিত সভায় রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ,

প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস , প্রাক্তন জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য্য প্রমূখ উপস্থিত ছিলেন । সংবর্ধনা সভায় বক্তব্য রাখতে গিয়ে সাংসদ কনাদ পুরকায়স্থ বলেন যে দল তাকে যে নতুন দায়িত্ব দিয়েছে , সেই দায়িত্ব তিনি নিষ্ঠার সঙ্গে পালন করবেন । তিনি এই দায়িত্ব পালনে সবার সহযোগীতা কামনা করেন ।

-------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের মার এগ্র অর্গানিক প্রডিউসার কোম্পানী লিমিটেডের উদ্যোগে ট্রাইফ্যাক এগ্রো প্রাইভেট লিমিটেডের মাধ্যমে আজ ২০ মেট্রিক টন জৈবিক আনারস নতুন দিল্লীর উদ্দেশ্যে পাঠানো হয়েছে । জেলা কৃষি আধিকারীক ডক্টর এ আর আহমেদ সবুজ পতাকা দেখিয়ে ২০ মেট্রিক টন জৈব আনারসের যাত্রার সূচনা করেন । এউপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে জেলা কৃষি আধিকারীক ডক্টর আহমেদ জানান যে কাছাড়ের রাজাবাজার , বিন্নাকান্দি ও লক্ষীপুর ব্লক জুড়ে প্রায় ১৫শ হেক্টর জমিতে কম করে দুই হাজার কৃষক জৈব আনারস চাষ করেছেন এবং প্রতি বছর প্রায় ৪০ হাজার মেট্রিক টন আনারস উৎপাদিত হচ্ছে । ডক্টর আহমেদ আরো জানান এই আনারসগুলি ইতিমধ্যে মিজোরাম, নাগাল্যান্ড সহ দেশের বিভিন্ন রাজ্যে ছাড়াও গত বছর এক চালান দুবাইতেও রপ্তানী করা হয়েছে । সড়ক যোগাযোগ সম্পূর্ণভাবে চালু হলে গুয়াহাটী থেকে বিমানের মাধ্যমে আরো একটি চালান শীঘ্রই দুবাই-তে পাঠানোর পরিকল্পনা রয়েছে বলে তিনি জানান । আজকের অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ডক্টর এন সি দাস , অসম গৌরব সম্মান প্রাপক মন্থন মার , এফ পি সি-র সভাপতি লালপিয়াং মার প্রমূখ উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি শহরের মাটিজুরি পয়েন্টে আজ একটি প্রতারণার ঘটনা সংঘটিত হয়েছে । এ টি এম থেকে টাকা তুলতে আসা এক মহিলাকে বিভ্রান্ত করার সময় সাদিক আহমেদ নামের প্রতারককে স্থানীয় জনসাধারণ আটক করে হাইলাকান্দি পুলিশের কাছে সমঝে দিয়েছে । অভিযুক্ত প্রতারক কাছাড়ের লক্ষীপুরের বাসিন্দা বলে পুলিশ জানিয়েছে ।

পুলিশ সূত্রে জানা গেছে অভিযুক্তের কাছ থেকে বেশকিছু এ টি এম কার্ড ,একটি ধারালো অস্ত্র, মোবাইল ফোন এবং একটি মোটর বাইক জব্দ করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে শ্রীভূমি শহরের রাস্তার পাশের অবৈধ বাজারগুলি উচ্ছেদ করার নির্দেশ দিয়েছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে শ্রীভূমি শহরের লক্ষীবাজার রোডে পূর্ত বিভাগের কার্য্যলয়ের পাশের বাজার , গোপালজী মার্কেটের সম্মুখ থেকে

বাজার কালীবাড়ী সংলগ্ন রাস্তার পাশের অবৈধ বাজার , স্টেশন রোড এবং পেট্রল পাম্প থেকে রেল গেট ও ঘাট লাইনের অবৈধ বাজারগুলি উচ্ছেদ করার নির্দেশ দেওয়া হয়েছে । এই নির্দেশ কার্যকর করার উদ্দেশ্যে পাঁচজন কার্য্যবাহী ম্যাজিষ্ট্রেট নিয়োগ করা হয়েছে ।

----------------------------------------------------------------------------------------